

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.১৫৬

তারিখ: ৭ আশ্বিন ১৪২৯

২২ সেপ্টেম্বর ২০২২

বিষয়: মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলাধীন ‘বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব ডাঃ এম. এ রশিদ উচ্চ বিদ্যালয়’ এর নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রতিষ্ঠানটির নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদনে প্রতিষ্ঠানের দূরত্ব, জনসংখ্যা, উপজেলায় বিদ্যমান প্রতিষ্ঠানের সংখ্যা, প্রতিষ্ঠানের বিদ্যালয়ের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার সংখ্যা, প্রাপ্যতা সংক্রান্ত তথ্য উল্লেখ করা হয়নি। প্রতিষ্ঠানটি জমি সংক্রান্ত তথ্যে উল্লেখ করা হয় যে, ‘বিদ্যালয়টির নিজস্ব কোনো জমি নেই।’ বিদ্যমান নীতিমালা অনুযায়ী প্রতিষ্ঠানটি থেকে পাশ্ববর্তী প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব ০৪ কি.মি. (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত তথ্যানুযায়ী), উপজেলায় প্রাপ্যতা-১৯টি, বিদ্যমান-১৮টি, প্রতিষ্ঠানটির ভৌত অবকাঠামো ভালো এবং প্রতিষ্ঠানটির মোট জমির পরিমাণ ৮৩.৫০ শতাংশ (নামজারি করা আছে ও খাজনা পরিশোধ করা আছে) এবং ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণ সংক্রান্ত FDR ও রয়েছে। এছাড়া, নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের নির্ধারিত ছক মোতাবেক পরিদর্শন প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করা হয়নি।

২। বর্ণিতাবস্থায়, মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলাধীন ‘বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব ডাঃ এম. এ রশিদ উচ্চ বিদ্যালয়’ এর নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট তথ্যাদিসহ সংযুক্ত ছকে মতামত/সুপারিশসহ পুন: পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) প্রতিষ্ঠানের EIIN নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ও ইমেইল নম্বর;
- (২) প্রতিষ্ঠানের জমির নামজারি ও হালনাগাদ খাজনা পরিশোধের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে); এবং
- (৩) মাধ্যমিক পর্যায়ে পাঠদানের ক্ষেত্রে ৩ বছরের জেএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ)।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২২-৯-২০২২

মো: মিজানুর রহমান
উপসচিব

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৫৪৫৭২০

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.১৫৬/১(৬)

তারিখ: ৭ আশ্বিন ১৪২৯

২২ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ২) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) প্রধান শিক্ষক, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব ডাঃ এম. এ রশিদ উচ্চ বিদ্যালয়, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২২-৯-২০২২

মো: মিজানুর রহমান

উপসচিব